কুষ্টিয়ায় মেধা’র ব্যবস্থাপনায় হুইলচেয়ার ও বাইসাইকেল বিতরণ

কুষ্টিয়ায় মেধা’র ব্যবস্থাপনায় দু:স্থ্য ও অসহায় শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে। একই সাথে মেধা’র নির্বাহি পরিষদের সভাপতি ইঞ্জিনিয়ার খন্দকার সালাহউদ্দিনের সহায়তায় এক দরিদ্র শিক্ষার্থীকে বাইসাইকেল প্রদান করা হয়।

শনিবার দুপুরে মেধা’র কার্যালয়ে ডা: মেহনাজ নাসরীনের অর্থায়নে ও মেধা’র ব্যবস্থাপনায় পাঁচ জন শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়।

মেধা’র নির্বাহি পরিষদের সভাপতি ইঞ্জিনিয়ার খন্দকার সালাহউদ্দিনের সভাপতিত্বে ও সদস্য সচিব শামীম আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া শহর সমাজসেবা অফিসার জহিরুল ইসলাম।

এসময় মেধা’র উপদেষ্টা পরিষদের সদস্য ড. মুহা. আব্দুল লতিফ. রেজানুর রহমান খান চৌধুরী মুকুল, মেধা’র সহসভাপতি শাহনেওয়াজ আনসারী মনজু, নির্বাহী সদস্য আব্দুল মান্নান বিদ্যুত, মনজুর রহমান মনু, এহসান আনোয়ার বুলবুল উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, কুষ্টিয়ার মেধা একটি বাস্তবমুখি সামাজিক সংগঠন। এ সংগঠনের মাধ্যমে যে সব কর্মকান্ড পরিচালিত হয়ে আসছে তা জেলার শিক্ষা বিস্তারে ব্যাপক ভুমিকা রেখে যাচ্ছে। মেধার মাধ্যমে এ অঞ্চলের বিপুল সংখ্যক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে উপকৃত হয়ে আসছে। পাশাপাশি সামাজিকভাবেও বেশ কিছু কর্মকান্ড পরিচালনা করে আসছে। যার পরিপ্রেক্ষিতে আজ পাঁচ জন শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে।

দর্শনায় প্রত্যাশা শীর্ষক মতবিনিময় সভায়

দর্শনা নাগরিক কমিটির আয়োজনে দর্শনায় চাই স্বপ্নের দর্শনা, এই স্লোগানকে সামনে রেখে দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়রের কাছে দর্শনাবাসির প্রত্যাশা ও করনীয় বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৫ টায় দর্শনা কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে এ মতবিনিময় সভার সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজ সেবক জাহিদুল ইসলাম।

এ অনুষ্টানে অতীথী থেকে বক্তারা আলোচনা করেন,চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’ লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট শহিদুল ইসলাম,দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু, চুয়াডাঙ্গ সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ আজিজুল রহমান, দর্শনা পৌর আ’লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,দর্শনা সরকারী কলেজের সাবেক উপধাক্ষ মোশারফ হোসেন, বিশিষ্ট সমাজ সেবক আকমত আলী,প্যানেল মেয়র রবিউল হক সুমন,কবি ও সাহিত্যিক আবু সুফিয়ান,কেরু এ্যান্ড কোম্পানির সাবেক এডি এম শেখ শাহাব উদ্দীন,দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম,সাধারন সম্পাদক হানিফ মন্ডল,সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল,সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন,এ অনুষ্টানটি পরিচালনা করেন নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ।বক্তারা বলেন দর্শনার উন্নয়নে দর্শনা পৌরসভাকে সঠিক পরিকল্পনা গ্রহন করতে হবে।
দর্শনার প্রতিটি মহল্লার সমস্যা চিন্হিত করে সমস্যা সমধান করতে হবে।

দর্শনা বাসির স্বপ্ন পৃরনে পৌরসভার মেয়রসহ সংশিষ্ট সকলকে হতে হবে আন্তরিক।সেক্ষেত্রে সবাইকে হতে হবে ঐক্যবদ্ধ।

মুজিবনগরে গুডনেইবার্স এর আমার প্রতিজ্ঞা দিবস পালন

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে আমার প্রতিজ্ঞা দিবস পালন করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় ক্লাসরুমে বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে এই প্রতিজ্ঞা দিবস পালন করা হয়।

আমার প্রতিজ্ঞা দিবসে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভোব দেওয়ান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক লুকহরেন্দ্র বিশ্বাস,বল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জমিরুল ইসলাম।

প্রতিজ্ঞা দিবসে প্রজেক্ট ম্যানেজার বিভোব দেওয়ান ছাত্র ছাত্রীদেরকে শপথ বাক্য পাঠ করান, ৫ টি প্রতিজ্ঞা যা আমি কখনোই করব না। (১) আমি স্কুলে অনুপস্থিত থাকব না (২) আমি শিশু শ্রমে অংশ নেব না (৩) আমি বাল্য বিবাহ করব না (৪) আমি কখনো অসৎ কাজ করব না (৫) আমি নিজের ও অন্যের জীবন বিপন্ন করব না ।
এবং ৫ টি প্রতিজ্ঞা যা আমি করব (১) আমি মন দিয়ে লেখাপড়া করব (২) আমি আমার স্বপ্নকে সফল করব (৩) আমি আমার পরিবার নিয়ে সুখে থাকব
(৪) আমি সুস্থ্য ও সুন্দর জীবন যাপন করব (৫) আমি একজন সু- প্রতিবেশী হব। স্কুলের ছাত্র ছাত্রীরা শপথ বাক্য মেনে চলার প্রতিজ্ঞা করে।

অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,মেহেরপুর সিডিপির ইউথ লিডার শামিম খাঁন।

গাংনীতে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ উপজেলা ও পৌর শাখার কমিটি গঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর শাখার বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের কমিটি গঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৪ই মে) সকাল সাড়ে দশটার দিকে গাংনী সরকারি ডিগ্রি কলেজে অধ্যক্ষ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের জেলা শাখা সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর জেলা শাখার সহসভাপতি সিরাজুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মো: রফিকুল ইসলাম, মেহেরপুর শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

অনুষ্ঠানে অধ্যক্ষ মনিরুল ইসলামকে সভাপতি ও আলহাজ্ব শফি কামাল পলাশকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী উপজেলা শাখা এবং আ.লীগ নেতা একরামুল হককে সভাপতি ও সাংবাদিক নুরুজ্জামান পাভেলকে সাধারণ সম্পাদক করে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী পৌর শাখার কমিটি গঠন করা হয়।

ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশনের পক্ষ থেকে পুলিশ বাহিনীকে পিক আপ ভ্যান উপহার

জাহেদী ফাউন্ডেশনের নিবার্হী পরিচালক বিশিষ্ট শিল্পপতি রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর নিদের্শনায় ঝিনাইদহে জাহেদী ফাউন্ডেশন এর পক্ষ থেকে পুলিশের

সেবার মান উন্নয়নের লক্ষ্যে ও ঝিনাইদহ জেলা পুলিশ বাহিনীর কাজের সহযোগীতার জন্য দুইটি পিক আপ ভ্যান উপহার দেওয়া হয়।

বুধবার (৩ মে) বিকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যারয়ের সামনে পিক আপ ভ্যান দুইটির চাবি গ্রহন করেন পুলিশ বাহিনীর পক্ষে পুলিশ সুপার আশিকুর রহমান এবং জাহেদী ফাউন্ডেশনের পক্ষে চাবি হস্তান্তর করেন জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপ্স) ইমরান জাকারিয়া, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহেল রানা, জাহেদী ফাউন্ডেশনের কো অডিনেটর তবিবুর রহমান লাবু, সদস্য ইউনুস আলী, শাহীন আলমসহ অন্যান্যরা।

পিক আপ ভ্যান প্রদান সম্পর্কে মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল বলেন, পুলিশ জনগনের বন্ধু, পুলিশের সেবার মান বৃদ্ধি লক্ষ্যে এবং দ্রুত অভিযান পরিচালনা ও মানুষের সহযোগীতার জন্য যানবাহন অতিব প্রয়োজন। আর সবকিছুই সরকারের উপর নির্ভর করে বসে থাকলে হয় না, আমাদের জানমালের নিরাপত্তার জন্য পুলিশের অবদান সবচেয়ে বেশি এজন্য তাদের সদা তৎপর থাকার জন্য আমাদের এই প্রয়াস। যাদের সামর্থ্য আছে তাদের সবাইকে দেশের জন্য কাজ করার আহবান জানান তিনি।

মেহেরপুরের বারাদী ইউনিয়নে দুই শতাধিক ফুটবল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের অর্থায়নে বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের ক্লাব ও যুব সমাজের মধ্যে ফুটবল ও ক্রিকেট সেট বিতরণ করা হয়েছে।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ক্লাব ও সংগঠণগুলোর সভাপতি ও সম্পাদকদের হাতে ফুটবল ও ক্রিকেট সেট তুলে দেন।

আজ সোমবার (১ মে) সকালের দিকে বারাদী ইউনিয়ন পরিষদ চত্তরে আনুষ্ঠানিকভাবে এই খেলার সামগ্রী বিতরণ করা হয়।
এই ইউনিয়নের প্রায় দুই শতাধিক ফুটবল ও ১২ সেট ক্রিকেট প্রদান করা হয়েছে।
এসময় বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামীলীগের স্থানীয় নেতা আব্দুল মান্নান, প্রবীণ আওয়ামীলীগ নেতা কাজী সাহেবসহ ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ডের মেম্বরগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে নিন্মআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী উপহার

দামুড়হুদা উপজেলার অন্যতম স্বেচ্ছাসেবী সংগঠন ” ওরা বন্ধু সংঘ’র পক্ষ থেকে এলাকার দরিদ্র,অসহায়, প্রতিবন্ধী,বিধবা ও নিন্মআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী উপহার পৌঁছে দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টা থেকে সন্ধ্যা পর্যন্ত সংগঠনের পক্ষ থেকে ঈদপূর্বে ঈদ সামগ্রীর এ উপহার সামগ্রী সেমাই, সুজি,চিনি, সাবান,শ্যাম্পু, লবন, তেজপাতা, বাদাম,কিসমিস, আলু,পেয়াজ ও রসুন পৌঁছে দেওয়া হয়।

ঈদ সামগ্রী বিতরণে নেতৃত্ব দেন সংগঠনটির সভাপতি সাংবাদিক তানজীর ফয়সাল, উপদেষ্টা মন্ডলীর সদস্য,ইমরান হোসেন ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক সাংবাদিক মিরাজুর ইসলাম মিরাজ।ঈদ সামগ্রী বিতরণ কালে সভাপতি তানজীর ফয়সাল বলেন, ২০০৩ সালের জানুয়ারিতে সম্পুর্ন অরাজনৈতিক ও অলাভজনক সংগঠন হিসেবে গড়ে তোলা হয়েছিলেন।আর এর পর থেকেই শুরু হয় সংগঠনটির পথচলা।

সংগঠনটি প্রতি বছরের শীত মৌসুমে শীতবস্ত্র,মাক্স বিতরণ কার্যক্রম পালন করে থাকেন।পাশাপাশি ঈদ পূর্বে ঈদ সামগ্রী বিতরণ

সহ বিভিন্ন কাজ করে সংগঠনটি কাজ করে চলছে।তারই ধারাবাহিকতায় প্রবিত্র ঈদুল-উল ফিতর-২০২৩ উদযাপন ও ঈদুল ফিতরের আনন্দধারা সকলকের মাঝে পৌঁছে দেওয়ার লক্ষ্যে ” ওরা বন্ধু সংঘ’র ঈদ সামগ্রী বিতরণের ছোট্ট প্রয়াস।

আগামীতেও সংগঠনটির এমন কার্যক্রম সর্বদা অব্যাহত থাকবে জানিয়ে তিনি আরও বলেন,প্রিয় সংগঠন ” ওরা বন্ধু সংঘ’র পাশে থেকে যারা ঈদুল ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী বিতরণ কার্যক্রমকে সহজ ও স্বার্থক করেছেন তাদের প্রত্যেকের আন্তরিকভাবে ধন্যবাদ।” ওরা বন্ধু সংঘ ” আগামীতেও সমাজের কল্যাণে কাজ করে যাবে জানিয়ে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে আহব্বান জানান।

প্রসঙ্গত- দামুড়হুদা উপজেলার দশমী,হাউলী, দেউলী,চিৎলা সহ বিভিন্ন এলাকার প্রায় ৩৫টি পরিবারের মাঝে ঈদ পূর্বে” ঈদ উপহার ” সামগ্রী বিতরণ করা হয়।দীর্ঘদিন সংগঠনটি সমাজের নিন্ম- মধ্যবিত্ত মানুষের সহযোগীতা করে আসছেন।ফলে সংগঠনটির কার্যাবলীরতে সর্বমহলে হচ্ছে প্রশংসিত

মেহেরপুরে আমরা’৮৫ সংগঠনের প্রয়াত সদস্যের স্মরণে ইফতার ও দোয়া অনুষ্ঠান

মেহেরপুরে সামাজিক সংগঠন আমরা’৮৫, মেহেরপুর এর আয়োজনে সংগঠনের ০৭ জন প্রয়াত সদস্যের স্মরণে ইফতার ও দোয়া অনুষ্ঠান করা হয়।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৫ টার সময় মেহেরপুর শহরের হোটেলবাজার সংগঠনের অফিসে আমরা’৮৫, মেহেরপুরের উপদেষ্টা লে. কর্নেল (অব.) আলী রেজা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সামসুল আযম লিন্টু, উপদেষ্টা ডা জে পি আগরওয়ালা সপ্পু, সহ সভাপতি প্রভাষক মফিজুল ইসলাম, সহকারী অধ্যাপক মাসুদ রেজা।

কোষাধ্যক্ষ মাহবুবুল হক মন্টু’র সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন নির্বাহী সদস্য আশিকুজ্জাম সবুজ, অঞ্চল ভট্টাচার্য্য, জুলফিকার আলী, আবুল হাসান মিঠু, শামীমুল ইসলাম, ওয়াহেদ মুরাদ সেন্টু, মোমিনুল হক, রাজ্জাক প্রমূখ।

পরে সংগঠনের সদস্য রফিকুল আলম প্রয়াত সদস্যদের স্মরণে দোয়া পরিচালনা করেন।

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের ঈদ উপহার বিতরণ

“একতায় শক্তি মানবিক বোধে মুক্তি” এই স্লোগান সামনে রেখে “বাড়ি মেহেরপুর” ফেসবুক গ্রুপ পরিবারের সদস্য এবং পরিচালনা পরিষদের সমন্বয়ে অসহায়, দুঃস্থ এবং সুবিধাবঞ্চিত মানুষের মাঝে ঈদ-উল-ফিতর উপলক্ষে ঈদ উপহার হিসেবে নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্য বিতরণ করা হয়।

বৃহস্পতিবার (২০এপ্রিল) সকালে মেহেরপুর জেনারেল হাসপাতাল গেট সংলগ্ন বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের অস্থায়ী কার্যালয় রুশি ফার্মেসিতে ঈদ উপহার সামগ্রী বিতরণের আয়োজন করা হয়।

ঈদ উপহার হিসেবে নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্য সহ নগদ অর্থ ১০০টি পরিবারের মাঝে বিতরণ করা হয়।

ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের এডমিন আসাদুজ্জামান খান রাজ, সামস ই আলম, মিলি ইসলাম, মডারেটর মোঃ রিনু ও এম. সোহেল রানা প্রমুখ।

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের প্রধান এডমিন আমেরিকা প্রবাসী এমএম নুরুজ্জামান বলেন আপনাদের আন্তরিক উপস্থিতি অনুষ্ঠানটিকে আরো সাফল্যমন্ডিত করে তুলছে। খাদ্য বিতরণ তহবিলে অংশগ্রহণকারী সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সকলের সুস্বাস্থ্য কামনা করছি। সকলে সুস্থ ও নিরাপদে থাকুন।

[redacted]

[redacted]